দৈনিক জনকণ্ঠ

তারিখ : 21 SEP 2017
পৃষ্ঠা : ১৪ কলাম : ৬

# ইউজিসিতে কর্মশালা

ক্যাম্পাস নেটওয়ার্ক প্রজেক্টের দিনব্যাপী এক কর্মশালা সোমবার বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন (ইউজিসি) অডিটরিয়ামে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন ইউজিসি চেয়ারম্যান প্রফেসর আবদুল মান্নান। ইউজিসি সদস্য প্রফেসর ড. মোঃ আখতার হোসেন অনুষ্ঠানে সভাপতিত্ব করেন। বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন ইউজিসি সদস্য প্রফেসর ড. দিল আফরোজা বেগম, শিক্ষা মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব মহিউদ্দিন খান, উচ্চশিক্ষা মানোন্নয়ন প্রকল্পের (হেকেপ) প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব) ড. গৌরঙ্গ চন্দ্র মোহন্ত, এনডিসি ও বিশ্বব্যাংকের সিনিয়র অপারেশনস অফিসার ড. মোঃ মোখলেছুর রহমান। উল্লেখ্য, ২০১৭ সালের ৭ সেপ্টেম্বর দেশের ১৯টি বিশ্ববিদ্যালয়ে ক্যাম্পাস নেটওয়ার্ক ও আইপি টেলিফোনি সিস্টেম স্থাপনের জন্য ডাটা এজ লিমিটেডের সঙ্গে একটি চুক্তি স্বাক্ষর করে। চুক্তির অধীনে দেশের ১৯টি বিশ্ববিদ্যালয় উচ্চগতির নিরবছিন্ন ইন্টারনেট সেবার আওতায় আসবে। পর্যায়ক্রমে দেশের সব বিশ্ববিদ্যালয়ে ক্যাম্পাস নেটওয়ার্ক স্থাপন করা হবে। -বিজ্ঞপ্তি।